

ম্নাতকোত্তর অন্ত্য-সেমেষ্টার পরীক্ষা, ২০২৫

( প্রথম বর্ষ, প্রথম সেমেষ্টার )

বাংলা

কোর্স : পি জি - ১.৫৬এ (ঐচ্ছিক)

বিষয় : আধুনিক বাংলা উপন্যাস

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১০×৩=৩০

১। গোপাল হালদার রচিত 'একদা'-কে অনেক সমালোচক আত্মজীবনী-মূলক উপন্যাস হিসেবে দেখতে পছন্দ করতেন। তাহলে নায়ক অমিতের আত্মজিজ্ঞাসা কি উপন্যাসিকের নিজস্ব? এ বিষয়ে তোমার মতামত জানাও।

১০

( অথবা )

২। গোপাল হালদারের রাজনীতি-ভাবনার সমগ্রতাকে কি 'একদা' উপন্যাস পাঠের দ্বারা আদৌ বোঝা সম্ভব? যুক্তিসহ আলোচনা করো।

১০

৩। প্রকৃতপক্ষে এক ব্রাহ্মণ্যবাদী সমাজের ক্রিটিক রচনা করে 'অন্তর্জলী যাত্রা' — এই মন্তব্য কতদূর সঙ্গত, উপন্যাস অবলম্বনে আলোচনা করো।

১০

BNG-1418

[ Turn Over ]

( ২ )

( অথবা )

৪। 'অন্তর্জলী যাত্রা' উপন্যাসের সমস্ত চরিত্রের মধ্যে বৈজুনাথ কেন অনন্য — তা বিশ্লেষণ করে দেখাও।

১০

৫। বিমল করের 'খড়কুটো' উপন্যাসকে তুমি প্রেমের কাহিনি বলবে, নাকি 'মৃত্যুর কাহিনি' বলতে চাইবে — আলোচনা করো।

১০

( অথবা )

৬। আত্মকথনরীতির যে বৈশিষ্ট্য বিমল করের সহজাত, যার সুবাদে তিনি বাংলা কথাসাহিত্যের এক 'দিকসূচক' হয়ে ওঠেন, 'খড়কুটো' উপন্যাসে তার কোন্ পরিচয় পাও — আলোচনা করো।

১০

৭। 'ফুলবউ' উপন্যাসে তালুক ও খালাস এর দ্বন্দ্ব কীভাবে নারীজীবনের বিচিত্র সম্ভাবনাকে রুদ্ধ করে, উপন্যাস অবলম্বনে আলোচনা করো।

১০

( অথবা )

৮। সমাধানহীন জীবনের ভার 'ফুলবউ' উপন্যাসটিকে কোনো নির্দিষ্ট পরিণতির পথে নিয়ে যেতে পারেনি, চরিত্রগুলিও বিভ্রান্ত—এই পর্যবেক্ষণ সম্পর্কে তোমার মতামত লেখো।

১০

★ ★ ★

BNG-1418

XX24(113)—70